দৈনিক খবর

তারিখ ..22 NOV 19..
পৃষ্ঠা... ...কলাম...

12

# সরকারী প্রাথমিক বিদ্যালয়েও সমস্যার অন্ত নেই

॥ এমদাদুল ইসলাম ॥

/ চাঁপাই নবাবগঞ্জ পৌর এলাকাধীন নয়াগোলা সরকারী প্রাথমিক বিদ্যালয়টি অসংখ্য সমস্যায় জর্জরিত।

১৯৬৯ সালে বিদ্যালয়টি সরকারী হলেও বিদ্যালয়টির সমস্যা সমাধানের ব্যাপারে সংশ্লিষ্ট বিভাগের কোন নজর নেই।

বিদ্যালয়ের ২৫০ জন ছাত্র এবং ৩৩৫ জন ছাত্রীসহ মোট ৫৮৫ জন শিক্ষার্থীর জন্য মাত্র ৩টি ছোট ছোট ক্লাশ রুম। ২ শিফটে ক্লাস নিয়েও ছাত্র ছাত্রীদের বসবার জায়গা দেয়া সম্ভব হয় না। ফলে একটি চালাঘরের মাটিতে বসে শিশু শ্রেণী ও প্রথম শ্রেণীর প্রায় ২ শতাধিক ছাত্র-ছাত্রীকে ক্লাস করতে হয়। বিদ্যালয়ে রয়েছে মাত্র ২৪টি সিট বেঞ্চ ও ১২টি হাই বেঞ্চ। এক একটি বেঞ্চে ৭/৮জন ছাত্র-ছাত্রীকে বসে ক্লাস করতে হয়। ফলে লেখাপড়া মারাত্মকভাবে ক্ষতিগ্রস্ত হয়। যার ফলে ছাত্র-ছাত্রীদের পরীক্ষার ফলাফলও আশানুরূপ হয় না।

বিদ্যালয়ের অফিস কক্ষের আসবাবপত্রসহ মালামাল রক্ষার জন্য নেই কোন নাইট গার্ড ফলে কয়েকবার চুরিও সংঘটিত হয়েছে। বিদ্যালয়ে কোন পিয়ন বা ঝাড়ুদার নেই। তাই প্রতিদিন ছাত্র/ছাত্রীরাই ক্লাস রুম পরিষ্কার করে।



খোলা আকাশের নীচে মাটিতে বসেই চলছে সরকারী প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষাদান